আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.nlaso.gov.bd

নং : ১০.০৭.০০০০.০০১.১১.০০৫.২৩-৪৪৪ www.prebd.com

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩২
০৮ অক্টোবর ২০২৫

**সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইনি পরামর্শ কর্মকর্তা (চুক্তিভিত্তিক), সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, বেঞ্চ সহকারী, জারিকারক, অফিস সহায়ক পরীক্ষা, ২০২৫**

## লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইনি পরামর্শ কর্মকর্তা (চুক্তিভিত্তিক), সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, বেঞ্চ সহকারী, জারিকারক, অফিস সহায়ক, ২০২৫-এর লিখিত পরীক্ষা **আগামী ১৮/১০/২০২৫ খ্রি. তারিখ ঢাকাস্থ নিম্ন বর্ণিত ৩টি কেন্দ্রে সকাল ১০.০০ টা থেকে শুরু হবেঃ**

**পরীক্ষার্থীদের রোল নম্বর ভিত্তিক কেন্দ্র বিন্যাসঃ**

| ক্র.নং | রোল নম্বর | সংখ্যা | পদের নাম | পরীক্ষার সময় | কেন্দ্রের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | 1200001-1200289 | ২৮৯ জন | আইনি পরামর্শ কর্মকর্তা (চুক্তিভিত্তিক) | ৯০ মিনিট | সিদ্ধেশ্বরী উচ্চ বালিকা বিদ্যালয় ৩০, নিউ বেইলী রোড, ঢাকা-১২১৭। |
| ২. | 1300001-1300390 | ৩৯০ জন | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯০ মিনিট | |
| ৩. | 1400001-1400120 | ১২০ জন | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ৯০ মিনিট | |
| ৪. | 1500001-1500981 | ৯৮১ জন | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯০ মিনিট | |
| ৫. | 1600001-1600229 | ২২৯ জন | বেঞ্চ সহকারী | ৯০ মিনিট | |
| ৬. | 1700001-1703500 | ৩৫০০ জন | জারিকারক | ৬০ মিনিট | সিদ্ধেশ্বরী গার্লস কলেজ ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০। |
| ৭. | 1703501-1704901 | ১৪০১ জন | জারিকারক | ৬০ মিনিট | হাবীবুল্লাহ বাহার কলেজ শান্তিনগর, ঢাকা-১০০০। |
| ৮. | 1800001-1801426 | ১৪২৬ জন | অফিস সহায়ক | ৬০ মিনিট | |
| ৯. | 1100001-1100447 | ৪৪৭ জন | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ৯০ মিনিট | |

পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড-এ আগামী ১৮/১০/২০২৫ খ্রি. তারিখে প্রদর্শন করা হবে। পরীক্ষার্থীগণ উক্ত সময় নিজেদের আসন বিন্যাস জেনে নিতে পারবেন।

## ২। পরীক্ষার্থীদের জন্য জ্ঞাতব্য ও আবশ্যকীয় পালনীয় বিষয়াদি:

ক. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র অবশ্যই সাথে আনতে হবে। ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র প্রদান করা হবে না। প্রবেশপত্র ডাউনলোড করতে ভিজিট করুন **https://nlaso.teletalk.com.bd/admitcard/**

খ. লিখিত পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং বিশেষ পরিস্থিতি ব্যতীত পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। পরীক্ষা শুরুর পর কোন পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার্থীকে অবশ্যই তার নির্ধারিত আসনে বসতে হবে;

গ. পরীক্ষার কক্ষে মোবাইল ফোন, ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইজ, বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা যাবে না। পরীক্ষা চলাকালে কোন প্রকার অসদাচারণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঘ. হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষরের সাথে প্রার্থীর প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের মিল থাকতে হবে;

ঙ. মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি, নিজ জেলার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর সনদ/প্রত্যয়ন পত্রের মূল কপি এবং কোটার প্রার্থীদের সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্র/প্রত্যয়ন পত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সকল সনদ/প্রত্যয়ন পত্রের ১ সেট ফটোকপি দাখিল করতে হবে।

চ. লিখিত/ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না;

ছ. পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি এবং ফলাফল সংস্থার ওয়েবসাইটে (www.nlaso.gov.bd) প্রকাশ করা হবে;

জ. কোনো প্রার্থীর নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তগুলোর মধ্যে কোনো গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে, মৌখিক পরীক্ষার আগে বা পরে যেকোনো পর্যায়ে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

ঝ. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।